

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Website: www.lgd.gov.bd

উপসচিবের পদতহ
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.২৮৭.২০১৭- ১২২১

তারিখঃ ১৩-০৭-২০১৭ খ্রিঃ।


বিষয়ঃ রীট পিটিশন নং-৮০৬৯/২০১৭, বাদী-জনাব মোঃ আবুল কালাম, পিতা-লেহাজ উদ্দিন হাওলাদার, স্থায়ী বন্দর আবাসিক এলাকা, মংলা, বাগেরহাট বনাম সরকার ও অন্যান্য।

সূত্রঃ তারিখঃ ১৩-০৬-২০১৭খ্রিঃ, সহকারী রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ হতে প্রাপ্ত।

বাগেরহাট জেলার মোংলাপোর্ট পৌরসভার বিদ্যমান এলাকা সম্প্রসারণের লক্ষ্যে শহর এলাকা ঘোষণা সংক্রান্ত ২৩-০৪-২০১৭ তারিখের প্রজ্ঞাপনকে চ্যালেঞ্জ করে বাদী কর্তৃক রীট পিটিশন নং ৮০৬৯/২০১৭ দায়ের করা হয়েছে। মাননীয় আদালত রুল ইস্যুপূর্বক সচিব মহোদয়সহ বিবাদীগণকে জবাব দাখিলের জন্য আদেশ দিয়েছেন। উক্ত রীট পিটিশন এ প্রতিদ্বন্দ্বিতার জন্য দফাওয়ারী জবাব আবশ্যিক।

০২। এমতাবস্থায়, বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক কার্যক্রম গ্রহণ করতঃ ঘটনার প্রকৃত বিবরণীসহ দফাওয়ারী জবাব ও আনুষঙ্গিক কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ০২ (দুই) সেট নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্তঃ ----- ফর্দ।


(মোহাম্মদ শফিকুল আরিফ)
উপসচিব (আইন-১)
৯৫৪০৯৯৫

- ১। জেলা প্রশাসক
বাগেরহাট।
- ২। মেয়র
মোংলা পোর্ট পৌরসভা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। উপসচিব (পৌর-১), স্থানীয় সরকার বিভাগ।
- ০২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। অফিস কপি/মাষ্টার কপি।